

পাবলিক এডভোকেট

লাটিসিয়া জেমস (Letitia James) (D, WF)

হ্যালো: আমার নাম Letitia James – জনগন আমাকে Tish ডাকে – এবং নিউইয়র্ক সিটিতে পরবর্তী পাবলিক এডভোকেট পদের জন্য আমি একজন প্রার্থী। সরকারী চাকুরীতে আমার জীবন একটা গভীর আসক্তির শিকড় গেড়েছে। জনপ্রতিরক্ষক হিসাবে নিউইয়র্কের মধ্যবিত্ত শ্রেণী ও কর্মজীবী পরিবারদের পক্ষে এসিন্ট্যান্ট এটর্নী জেনারেল ও বর্তমান সিটি কাউন্সিল মেম্বার এর ভূমিকায় সংগ্রাম করার জন্য। আমি শক্তিশালী স্বার্থসমূহের বিপরীতে অবস্থান নিয়ে প্রতিদিন নিউইয়র্কার গনকে তাদের আওয়াজ শুনতে হবে তা নিশ্চিত করেছি। সেফ হাউজিং এক্ট পাশ হওয়ার পথে আমার পরিচালনায় আমি গবিত। এটা সারা শহরের এপার্টমেন্ট ইউনিট সমূহ অপরিহার্য মেরামত নিশ্চিত করে। আমি শক্তিশালী উন্নয়নকারী ও ধনশালী যৌন স্বার্থসমূহের মুখোমুখি দাঁড়িয়েছি, দাবী করেছি স্থানীয় কমিউনিটিগুলি একটা ন্যায্য অধিকার পাবে, দিতে হবে তাদেরকে তা। আমি সিটি টাইম দুর্নীতীকেলংকারী সংশ্লিষ্ট অপচয় ও জাল জালিয়াতী উন্মোচিত করেছি যা ট্যাক্স দাতাদেরকে শত শত মিলিয়ন ডলার ক্ষতি করেছে। পাবলিক এডভোকেটরূপে আমি জানি যে কোন ব্যক্তিকে মেয়র থেকে স্বাধীন থাকতে হবে সে যেই মেয়র হোক না কেন। আমার একটা পরীক্ষিত সোজাপক্ষে রেকর্ড রয়েছে প্রশাসনিক বিষয়বলীর উপরে যেমন বয়স্ক কেন্দ্র বসানো, স্কুল শেষের কর্মসূচী, আমাদের সন্তানদেরকে মানসম্পন্ন শিক্ষা প্রদান এবং নেইবারহুডে অবস্থিত দমকল সংস্থাসমূহ বন্ধকরণ প্রতিহত করা। আপনাদের পাবলিক এডভোকেটরূপে আমি অফিসটাকে আপনাদের কাছে নিয়ে যেতে চাই কারণ আমি তো এখানে রয়েছি আপনাদের সাথে আপনাদের জন্য কাজ করতে। আমার একটা স্বপ্ন আর আর একটা পরিকল্পনা আছে জনগনের ক্ষমতায়ন আনে এবং আমাদের সিটির সামনে দন্ডায়মান সমস্যাটির সমাধানে তাদেরকে সঙ্গী করে নেয়। আমি বিনীত শুরু থেকে এসিছি। আমার পিতামাতা স্বল্প মুরীভুক্ত ছিলেন এবং এ ব্যাপারটা আমাকে উদ্ভুদ্ধ করেছিল নেতা হওয়ার জন্য যে কর্মজীবীগনের জন্য সংগ্রাম করতে পারে। আমি পাবলিক এডভোকেট অফিসে অগ্রসারমান নিতীমালায় আনতে চাই ঐ একই আসক্তি যা আমার সরকারী চাকুরী জীবনে এবং সিটি কাউন্সিলে প্রদর্শিত করেছি। নিউইয়র্ক সিটির পরবর্তী পাবলিক এডভোকেট হিসেবে আপনাদের জন্য আমি আমার সংগ্রাম অব্যাহত রাখতে চাই। আর আমি পারি সেপ্টেম্বর ১০ তারিখে শুধুমাত্র আপনাদের সাহায্যপুষ্ট হয়ে। মনে রাখবেন, Letitia James, নিউইয়র্ক সিটির জন্য ডেমোক্রেট পাবলিক এডভোকেট।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

পাবলিক এডভোকেট

জেমস লেন (James Lane) (G)

আমি একজন পেশাজীবি রাজনীতিবিদ নই। আমি নিউ ইয়র্ক সিটির একজন আজীবন অধিবাসী যে ফ্লাশিং এ জন্মগ্রহণ করে, হারলেমে বড় হয়ে, হেল'স কিচেনে পরিপক্ব লাভ করে এবং বর্তমানে পার্ক স্লোপে বসবাস করছি। আমি বিবাহিত, আমার একটা সন্তান আছে, সে সিটির সরকারী স্কুল ব্যবস্থায় শিক্ষারত। ২৩ বছর বয়সে আমি আমার পিতা ও মাতা উভয়কেই হারাই, তাদের ক্যান্সার ও ডায়াবেটিস সংক্রান্ত স্বাস্থ্যগত সমস্যা ছিল। এর কয়েকমাস পর আমি জানতে পারলাম যে আমার ২ বছর বয়সে, ওরা আমাকে দত্তক গ্রহণ করেছিল কিন্তু প্রচলিত আইনে আমার পরিবারের আদি পরিচিতি দেখার অনুমতি আমার ছিল না। সেই সময় থেকেই, সক্রিয় রাজনৈতিক সংশ্লিষ্টতায় থেকে ন্যায়বিচার ব্যবস্থা প্রতিষ্ঠিত করার জন্য আমার সংগ্রামী জীবনের আনুষ্ঠানিকভাবে শুরু, উদ্দেশ্যে হলো কারো নিজের আদি পরিচিতি জানার অধিকার ক্ষুণ্ণকারী আইনসমূহ সমাজ থেকে চিরতরে বিতাড়িত করতে হবে। বিগত ২৫ বছরের উপরে, ইউনিয়ন এবং কর্পোরেট কাজকর্মে আমি নেতৃত্ব বজায় রেখে চলেছি, এই সময়কালে সামাজিক সুবিচার বিষয়াবলীতে সহায়তা প্রদানের জন্য একজন সক্রিয় কর্মী হিসাবে আমি স্বাগতিকভাবে সেচ্ছাসেবীর ভূমিকায় অবতীর্ণ হয়ে আমার অবসর সময় কাজে লাগিয়েছি। এই সক্রিয় কর্মী হিসাবে কার্যকালীন সময়ে, আমি দেখেছি কিভাবে আমাদের সিটি গভর্নমেন্ট অধিবাসীদের দিকে পিঠ ফিরিয়ে কমিউনিটির সাথে আলাপ না করে গোপনে চুক্তি করে সাধ্যের মধ্যে কিনা যায় এরকম বাড়ী কমিয়ে,, ফায়ার হাউস, এবং আমাদের সরকারি স্কুল সমূহে তহবিল অনুদান হ্রাস করে। এটা গ্রহণযোগ্য হতে পারেনা! গ্রীন পার্টির পাবলিক এডভোকেট গ্রার্থী হিসাবে এটা আমার অঙ্গীকার যে জনগনের সতর্ক প্রহরীরূপে মেয়র এবং সিটি গভর্নমেন্ট এর উপরে সজাগ দৃষ্টি রাখবো কারণ আমি বিশ্বাস করি বড় দুই দলের বাহিরের কেউ সত্যিকার গনতন্ত্র রক্ষায় সহায়ক হয়ে উঠবে।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছে না।*